

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং ৪৭.৬১.৪৮০২.০০০.৩৩.০২৫.২০১৯.৮৮

তারিখঃ ১৫/০৩/২০২৩ খ্রিঃ।

অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় সকল অধঃস্তন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চূড়ান্ত করনের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩ খ্রিঃ তারিখে সমবায় অধিদপ্তর,ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন”বিষয়টি নির্বাচন করত উক্ত “সেবা সহজীকরণ” এবং ধাপসমূহ নিম্নরূপ নির্ধারন করা হলো।

প্রস্তাবিত ধাপসমূহ

- ১। অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
- ২। পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।
- ৩। উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরণ ও উপস্থাপন।
- ৪। সমিতির শেয়ার মূলধন ৫০০০০/-টাকার উর্ধ্বে জেলা সমবায় অফিসার কর্তৃক নির্দিষ্ট স্থানে স্বাক্ষরপূর্বক জেলায় প্রেরণ।সমিতির শেয়ার মূলধন ৫০০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন ও আদেশ প্রদান করবে।
- ৫। উপজেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ও ডাইরীভুক্ত করণ।
- ৬। উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
- ৭। উপজেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ,ই-মেইল বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।

এ অবস্থায় সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লেখিত ধাপসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতি,

সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/

..... সমবায় সমিতি (সকল) ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা সমবায় অফিসার,কিশোরগঞ্জ।

১৫/৩/২৩

(শামচুল আলম)

উপজেলা সমবায় অফিসার

তাড়াইল, কিশোরগঞ্জ।